গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- স্মারক নং- ৩৩.০১.০০০০.১০১.২২.৭৫০.০৮-২১৬৬ তারিখঃ- ২২/০৯/২০২২ খ্রিঃ
০৭/০৬/১৪২৯ বঃ

**"অফিস আদেশ"**

প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন জেলা প্রাণিসম্পদ দপ্তর ও জেলা ভেটেরিনারি হাসপাতালসমুহের কর্মকর্তাদের দায়িত্বাবলী পুর্নবন্টনসহ নবসৃষ্ট জেলা কৃত্রিম প্রজনন দপ্তরসমুহের কর্মকর্তাদের দায়িত্ব বিভাজন করা হলো। এতদ্বারা দায়িত্ব পুর্নবন্টন ও বিভাজন অনুসারে বর্ণিত দপ্তরসমুহের কর্মকর্তাদের দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তি:-

১. জেলা প্রাণিসম্পদ দপ্তরের কর্মকর্তাদের দায়িত্বাবলী ৩ (তিন) পাতা।
২. জেলা কৃত্রিম প্রজনন দপ্তরের কর্মকর্তাদের দায়িত্বাবলী ২ (দুই) পাতা।
৩. জেলা ভেটেরিনারি হাসপাতালের কর্মকর্তাদের দায়িত্বাবলী ২ (দুই) পাতা।

২২।০৯।২০২২

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর,বাংলাদেশ, ঢাকা।

বিতরণ:-

১. পরিচালক, প্রশাসন/ সম্প্রসারণ/ উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, গবেষণা, প্রশিক্ষণ ও মূল্যায়ন, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা।
৩. পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি, সাভার, ঢাকা।
৪. পরিচালক, হিসাব, বাজেট ও নিরীক্ষা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৫. পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৬. পরিচালক, কেন্দ্রীয় মুরগী খামার মিরপুর, ঢাকা।
৭. পরিচালক, প্রাণিসম্পদ ঔষধাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৮. চীফ সায়েন্টিফিক অফিসার, ভাইরোলজি/ টক্সিকোলজি এন্ড জুরিসপ্রুডেন্স/ প্যাথলজি/ এক্টোপ্যারসাইটোলজি/ এন্ডোপ্যারাসাইটোলজি অনুবিভাগ, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৯. পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা।
১০. পরিচালক, বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, ঢাকা।
১১. পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১২. পরিচালক, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১৩. পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ সিলেট/ রাজশাহী/ খুলনা / বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ।
১৪. উপপরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১৫. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ..............................।
১৬. জেলা ট্রেনিং অফিসার, জেলা প্রাণিসম্পদ দপ্তর,..............................।
১৭. উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র,..............................।
১৮. ভেটেরিনারি অফিসার, জেলা ভেটেরিনারি হাসপাতাল, ..............................।
১৯. উপপরিচালক (লেজিসলেশন, প্রশাসন/ নিবন্ধন/সার্টিফিকেশন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২০. উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য শাখা/ খামার/ মানব সম্পদ উন্নয়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২১. অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, ..............................।
২২. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ..............................।
২৩. থেরিওজেনোলোজিস্ট, জেলা কৃত্রিম প্রজনন দপ্তর,..............................।
২৪. সায়েন্টিফিক অফিসার, জেলা কৃত্রিম প্রজনন দপ্তর,..............................।
২৫. ভেটেরিনারি সার্জন, জেলা ভেটেরিনারি হাসপাতাল, ..............................।
২৬. ..............................।
২৭. অফিস কপি।

সদয় অবগতির জন্যঃ-

সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

**পদের নাম: জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (জেলা প্রাণিসম্পদ দপ্তর)** [জেলার প্রাণিসম্পদ বিভাগীয় ফোকাল পার্সন ও সমন্বয়ক হিসেবে কাজ করবেন এবং সেক্টরের সকল কার্যক্রমের পর্যবেক্ষক ও নিয়ন্ত্রক হিসেবে ভূমিকা রাখবেন]

১) প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্দেশনা ও সময় কাঠামো (Time Frame) অনুসারে খসড়া কর্মসম্পাদন চুক্তি প্রস্তুত করবেন, চুক্তি বাস্তবায়ন কমিটি'র অনুমোদন সাপেক্ষে বিভাগীয় পরিচালক এর সাথে চুক্তি স্বাক্ষর করবেন ও চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করবেন।

২) অর্থবছরের শুরুতে সম্প্রসারণ কার্যক্রমের (কর্মসম্পাদন চুক্তিভূক্ত ও চুক্তিবহির্ভূত) লক্ষ্যমাত্রা উপজেলাওয়ারী বিভাজন সম্পন্ন করবেন।

৩) বিভাগীয় কার্যক্রমের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন তৈরি করবেন এবং মাঠ পর্যায়ের বিরাজমান সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণ করবেন।

৪) বাণিজ্যিক খামারের নিবন্ধন ও নিবন্ধন নবায়ন, পশুখাদ্য বিক্রয় প্রতিষ্ঠান, মাংস প্রক্রিয়াকরণ প্রতিষ্ঠান, জবাইখানা এবং মাংস বিক্রয় স্থাপনার লাইসেন্স প্রদান ও নবায়ন নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করবেন।

৫) বাণিজ্যিক খামার, পশুখাদ্য উৎপাদক/প্রক্রিয়াকারক/বিক্রয় প্রতিষ্ঠান এবং সকল কমার্শিয়াল এন্টারপ্রাইজ নিয়মিত পরিদর্শন ও পরামর্শ প্রদান করবেন।

৬) অভিযোগ গ্রহণ ও যৌক্তিক/নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তি করবেন।

৭) বিভাগীয় সম্প্রসারণ কার্যক্রম ও চলমান উন্নয়ন প্রকল্প কার্যক্রম নিবিড়ভাবে পরিদর্শন করবেন, প্রতিমাসে কমপক্ষে একবার প্রতিটি উপজেলা প্রাণিসম্পদ দপ্তর আবশ্যিকভাবে পরিদর্শন করবেন এবং নির্ধারিত ছকপত্রে পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন।

৮) পরিদর্শন রেজিস্টারে সুপারিশসহ লিপিবদ্ধ করবেন এবং ইতোপূর্বে প্রদত্ত সুপারিশের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবেন। পরিদর্শনকালে সম্প্রসারণ ও চলমান উন্নয়ন প্রকল্প কার্যক্রমের সুষ্ঠ বাস্তবায়ন নিশ্চিতকরণে স্বপ্রণোদিত হয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৯) জেলা ও উপজেলা পর্যায়ে চলমান উন্নয়ন প্রকল্পসমূহ নিয়মিত পরিবীক্ষণ করবেন এবং প্রতিবেদন দাখিল করবেন।

১০) প্রাণিসম্পদ সেক্টরের সকল হালনাগাদ তথ্যাদি ও পরিসংখ্যান অফিস কক্ষের ডিসপ্লে বোর্ডে প্রদর্শন করবেন, সিটিজেন চার্টারসহ সকল প্রয়োজনীয় তথ্যাদি ওয়েব পোর্টালে (জেলা তথ্য বাতায়ন) আপলোড ও হালনাগাদ রাখবেন এবং সম্প্রসারণ কার্যক্রমের হালনাগাদ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত রাখবেন।

১১) প্রাণিসম্পদ সম্পর্কিত বিভিন্ন দিবস (দুগ্ধ দিবস, ডিম দিবস, জলাতঙ্ক দিবস প্রভৃতি) অধিদপ্তরের নির্দেশনার আলোকে উদযাপন করবেন এবং দাপ্তরিক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত রাখবেন।

১২) জেলাধীন প্রাণিসম্পদ বিভাগীয় প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন ও সমন্বয়কের ভূমিকা পালন করবেন।

১৩) মাঠ প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান (জেলা পরিষদ ও পৌরসভা/সিটি কর্পোরেশন) এবং অধিদপ্তরের সাথে সমন্বয়, আন্তরিক প্রয়াস ও মানবিকতা বজায় রেখে জাতীয় ও স্থানীয় দুর্যোগ মোকাবেলায় দায়িত্ব পালন করবেন।

১৪) অনলাইন রিপোর্টিংয়ের ক্ষেত্রে সিস্টেমে আপলোডকৃত উপজেলাওয়ারী ডাটা যাচাই করবেন এবং জেলা পর্যায়ের ডাটা অনুমোদন করবেন।

১৫) সর্বোপরি, জেলা প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, বেসরকারি প্রতিষ্ঠান এবং সেক্টরের সকল স্টেকহোল্ডারদের সাথে সাথে আন্তরিক ও নিবিড় যোগাযোগ প্রতিষ্ঠা, আস্থা অর্জন, সমন্বয় সাধন এবং শুদ্ধাচার বজায় রেখে কর্মসম্পাদন নিশ্চিত করবেন।



(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

**পদের নাম: জেলা ট্রেনিং অফিসার (জেলা প্রাণিসম্পদ দপ্তর)** [জেলার প্রাণিসম্পদ বিভাগীয় প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়নের ফোকাল পার্সন ও সমন্বয়কের ভূমিকা পালন করবেন]

১) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সাথে সমন্বয় করে বাজেট-বরাদ্দ সংস্থান সাপেক্ষে আওতাধীন জেলার বাৎসরিক প্রশিক্ষণ কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) প্রণয়ন এবং সে মোতাবেক প্রশিক্ষণ পরিচালনা করবেন।

২) খামারি/কৃষক, উদ্যোক্তা ও প্রাণিজ পণ্য প্রক্রিয়াজাতকারীদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণসহ প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহণ ও তদারকি করবেন।

৩) জেলার সকল কর্মকর্তা-কর্মচারিদের অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজন ও সমন্বয় করবেন।

৪) জনসচেতনতামূলক লিফলেট, বুকলেট, পোস্টার প্রভৃতি প্রস্তুত ও বিতরণ করবেন।

৫) মানবসম্পদ উন্নয়নমূলক কার্যক্রমের (প্রশিক্ষণসহ) ডাটাবেজ সংরক্ষণ ও নিয়মিত হালনাগাদ রাখবেন।

৬) অনানুষ্ঠানিক শিক্ষণ যথা, উঠান বৈঠক, ফার্মারস ফিল্ড স্কুল এবং কমন ইন্টারেস্ট গ্রুপ, খামারি/কৃষক সংগঠন ও প্রডিউসারস গ্রুপ কর্তৃক আয়োজিত সভা প্রভৃতি ক্ষেত্রে বিষয়ভিত্তিক, এলাকাভিত্তিক সেশন পরিকল্পনা প্রস্তুত করবেন এবং স্থানীয় চাহিদার ভিত্তিতে ট্রেনিং পরিচালনা করবেন।

৭) বেসরকারি সংস্থাসমূহ কর্তৃক আয়োজিত প্রাণিসম্পদ বিষয়ক প্রশিক্ষণের খসড়া মডিউল ভ্যালিডেট (Validate) করবেন এবং প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নে সমন্বয়কের ভূমিকা পালন করবেন।

৮) জনসচেতনতামূলক সভা/সেমিনার/কর্মশালা আয়োজন করবেন।

৯) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

**পদের নাম: অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (জেলা প্রাণিসম্পদ দপ্তর)** [জেলার প্রাণিসম্পদ বিভাগীয় কার্যক্রম পরিচালনায় জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার সহযোগী হিসেবে দায়িত্ব পালন করবেন]

১) প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্দেশনা ও সময় কাঠামো (Time Frame) অনুসারে খসড়া কর্মসম্পাদন চুক্তি প্রস্তুতি ও চুক্তি বাস্তবায়ন নিশ্চিতকরণে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে সর্বতোভাবে সহযোগিতা করবেন।

২) সম্পাদিত কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে আপলোড করবেন ও জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ রাখবেন।

৩) অর্থবছরের শুরুতে সম্প্রসারণ কার্যক্রমের (কর্মসম্পাদন চুক্তিভূক্ত ও চুক্তিবহির্ভূত) লক্ষ্যমাত্রা উপজেলাওয়ারী বিভাজন ও উপজেলা প্রাণিসম্পদ দপ্তরসমূহের মাসিক কর্মপরিকল্পনা অনুমোদনে সহযোগিতা করবেন।

৪) জেলাস্থ প্রাণিসম্পদ সেক্টরের সকল ডাটাবেজ সংরক্ষণ, হালনাগাদ ও Bangladesh Animal Health Intelligence System (**BAHIS**) সিস্টেমে আপলোডকৃত ডাটা যাচাই করবেন।

৫) বিভাগীয় কার্যক্রমের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন তৈরিতে সহায়তা প্রদান করবেন।

৬) বাণিজ্যিক খামারের নিবন্ধন ও নিবন্ধন নবায়ন, পশুখাদ্য বিক্রয় প্রতিষ্ঠান, মাংস প্রক্রিয়াকরণ প্রতিষ্ঠান, জবাইখানা এবং মাংস বিক্রয় স্থাপনার লাইসেন্স প্রদান ও নবায়নের নিমিত্ত পরিদর্শন কার্যক্রমে সহযোগিতা করবেন।

৭) বাণিজ্যিক খামার, পশুখাদ্য উৎপাদক/প্রক্রিয়াকারক/বিক্রয় প্রতিষ্ঠান এবং সকল কমার্শিয়াল এন্টারপ্রাইজ নিয়মিত পরিদর্শন ও পরামর্শ প্রদান কার্যক্রমে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে সহযোগিতা করবেন।

৮) বিভিন্ন দিবস (দুগ্ধ দিবস, ডিম দিবস, জলাতঙ্ক দিবস প্রভৃতি) কেন্দ্রীয় নির্দেশনার আলোকে উদযাপন এবং দাপ্তরিক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুতিতে সহযোগিতা করবেন।

৯) সর্বোপরি, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে উপরোক্ত কার্যক্রমসহ সকল অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।



২৫.৯.২০২২

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

**পদের নাম: উপপরিচালক (জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র)** [জেলা কৃত্রিম প্রজনন কার্যক্রমের ফোকাল পার্সন ও সমন্বয়ক হিসেবে কাজ করবেন এবং মাঠপর্যায়ের কার্যক্রম বাস্তবায়ন পরিবীক্ষণ করবেন]

১) প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্দেশনা ও সময় কাঠামো (Time Frame) অনুসারে খসড়া কর্মসম্পাদন চুক্তি প্রস্তুত করবেন, চুক্তি বাস্তবায়ন কমিটি'র অনুমোদন সাপেক্ষে পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, ঢাকা এর সাথে চুক্তি স্বাক্ষর করবেন, সম্পাদিত চুক্তি ওয়েবসাইটে (জাতীয় তথ্য বাতায়ন) আপলোড করবেন এবং চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করবেন।

২) অর্থবছরের শুরুতে চুক্তিভূক্ত কৃত্রিম প্রজনন কার্যক্রমের লক্ষ্যমাত্রা কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র ও পয়েন্টসমূহের মাঝে বিভাজন সম্পন্ন করবেন।

৩) কৃত্রিম প্রজনন নির্দেশিকার আলোকে সরকারি ও বেসরকারি পর্যায়ের কৃত্রিম প্রজনন কার্যক্রম সমন্বয়, তদারকি ও পরিবীক্ষণ করবেন।

৪) কৃত্রিম প্রজনন কার্যক্রমের মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন তৈরি করবেন এবং মাঠপর্যায়ের বিরাজমান সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণ করবেন।

৫) খামারি কর্তৃক প্রজননে ব্যবহৃত গবাদিপশুর বংশগতির (Pedigree) রেকর্ড সংরক্ষণ ও তথ্যাদি হালনাগাদকরণ কার্যক্রম তদারকি করবেন।

৬) প্রজননক্ষম গবাদিপশুর সিমেন চাহিদা কেন্দ্রে প্রেরণ করবেন। আওতাধীন উপকেন্দ্র ও পয়েন্টসমূহে প্রাপ্ত সিমেন, বিতরণসহ লজিস্টিক ও তরল নাইট্রোজেন (হিমায়িত সিমেনের ক্ষেত্রে) এর সরবরাহ যৌক্তিক নিশ্চিত করবেন।

৭) সরকারি-বেসরকারি পর্যায়ে প্রজনন কাজে ব্যবহৃত নিবন্ধিত ষাঁড়ের প্রজনন স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতে নিয়মিত পরিবীক্ষণ করবেন এবং প্রজনন বাহিত রোগ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

৮) উন্নত জাতের ঘাস চাষ এবং পশুখাদ্য সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ সম্প্রসারণে উদ্যোগ গ্রহণ করবেন।

৯) সরকারি ও বেসরকারি পর্যায়ে সরকার নির্ধারিত কৃত্রিম প্রজনন সেবামূল্য (সার্ভিস চার্জ) আদায় পরিবীক্ষণ করবেন এবং অনিয়ম প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

১০) কৃত্রিম প্রজনন সম্পর্কিত চলমান উন্নয়ন প্রকল্প কার্যক্রম পরিদর্শন ও পরিবীক্ষণ করবেন।

১১) কৃত্রিম প্রজননের সেবা মূল্য আদায় ও বিধিমোতাবেক সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করবেন।

১২) প্রজনন কাজে ব্যবহৃত সরকারি ও বেসরকারি বুল স্টেশনের নিবন্ধিত ষাঁড়ের Genetic merits/demerits নিয়মিত পরিবীক্ষণ এবং তদানুযায়ী প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

১৩) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

১৪) সর্বোপরি, মাঠপর্যায়ের কৃত্রিম প্রজনন কার্যক্রম বাস্তবায়নে উপজেলা ও জেলা প্রাণিসম্পদ দপ্তর, বেসরকারি বুল স্টেশন এবং সকল অংশীজনের সাথে আন্তরিক ও নিবিড় যোগাযোগ প্রতিষ্ঠা, আস্থা অর্জন, সমন্বয় সাধন এবং শুদ্ধাচার বজায় রেখে কর্মসম্পাদন নিশ্চিত করবেন।

২৫/০৫/২০২২

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

**পদের নাম: থেরিওজেনোলোজিষ্ট (জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র)** [গবাদিপশুর ফার্টিলিটি ও প্রজনন স্বাস্থ্য ব্যবস্থাপনায় ফোকাল পার্সন হিসেবে কাজ করবেন]

১) কৃত্রিম প্রজনন নির্দেশিকার বাস্তবায়নসহ দপ্তরের সার্বিক প্রজনন কাজে উপপরিচালককে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

২) সরকারি/বেসরকারি পর্যায়ে নিবন্ধিত প্রজনন ষাঁড়ের স্বাস্থ্য পরীক্ষণ, সিমেন কোয়ালিটি নিরূপণ এবং প্রজনন উপযোগিতা নির্ধারণে প্রতিবেদন দাখিল করবেন।

৩) গবাদিপশুর প্রজনন স্বাস্থ্য, ফার্টিলিটি ও ফেকানডিটি'র উন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

৪) ইনফার্টিলিটি ও প্রজনন বাহিত রোগ (STD) নিরসনে কৃষক/খামারিদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

৫) গবাদিপশুর প্রজনন স্বাস্থ্য ব্যবস্থাপনা সম্পর্কিত কার্যক্রমের রিসোর্স পার্সন হিসেবে দায়িত্ব পালন করবেন।

৬) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

**পদের নাম: বৈজ্ঞানিক কর্মকর্তা (জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র)** [সরবরাহকৃত সিমেনের গুণগতমান পরীক্ষণ, প্রজনন নীতিমালা অনুসারে সিমেন সরবরাহ ও লজিস্টিক বিতরণ কার্যক্রম সম্পাদন করবেন]

১) কৃত্রিম প্রজনন নির্দেশিকার বাস্তবায়নসহ দপ্তরের সার্বিক প্রজনন কাজে উপপরিচালককে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

২) সরবরাহকৃত সিমেনের গুণগতমান নিয়মিত পরীক্ষা করবেন।

৩) কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে সিমেন ও লজিস্টিক সরবরাহ নিশ্চিত করবেন।

৪) প্রজননক্ষম গবাদিপশুর পুষ্টি সুরক্ষায় খামারিদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

৫) মাঠ পর্যায়ের কৃত্রিম প্রজনন উপকেন্দ্র ও পয়েন্টসমূহ পরিদর্শন ও তদারকি করবেন।

৬) কৃত্রিম প্রজনন কেন্দ্রের সিমেন, তরল নাইট্রোজেন ও লজিস্টিক সংরক্ষণ, মজুদ, বিতরণ ও ব্যবহার রেজিস্টারে লিপিবদ্ধকরণসহ হালনাগাদ রাখবেন।

৭) নবনিযুক্ত এফএআই/ কৃত্রিম প্রজনন টেকনিশিয়ানদের মাঠ সংযুক্তি কার্যক্রম তদারকি করবেন।

৮) প্রকাশনা ও ডাটাবেজ সংরক্ষণে তথ্য সরবরাহের নিমিত্ত বিভিন্ন গবেষণার ফলাফল সংগ্রহ ও সন্নিবেশ করবেন।

৯) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

(ডা. মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

**পদের নাম: ভেটেরিনারি অফিসার (জেলা ভেটেরিনারি হাসপাতাল)** [জেলার প্রাণিস্বাস্থ্য বিষয়ক ফোকাল পার্সন ও সমন্বয়ক হিসেবে কাজ করবেন]

১) প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্দেশনা ও সময় কাঠামো (Time Frame) অনুসারে খসড়া কর্মসম্পাদন চুক্তি প্রস্তুত করবেন, চুক্তি বাস্তবায়ন কমিটি'র অনুমোদন সাপেক্ষে পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ঢাকা এর সাথে চুক্তি স্বাক্ষর করবেন, সম্পাদিত চুক্তি ওয়েবসাইটে (জাতীয় তথ্য বাতায়ন) আপলোড করবেন এবং চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করবেন।

২) জেলার খামারি/উদ্যোক্তা/কৃষকদের মানসম্মত ভেটেরিনারি সেবা নিশ্চিকরণে আউটডোর ও ইনডোর ব্যবস্থাপনায় রোগাক্রান্ত গবাদিপশু, পোল্ট্রি ও পোষা প্রাণি'র চিকিৎসা প্রদান করবেন।

৩) উপজেলা প্রাণিসম্পদ দপ্তর থেকে সুপারিশকৃত (Referred Case) রোগাক্রান্ত গবাদিপশু, পোল্ট্রি ও পোষা প্রাণি'র চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করবেন।

৪) জেলাব্যাপী মাঠপর্যায়ে ভ্রাম্যমান চিকিৎসা ইউনিটের সহায়তায় গবাদিপশু ও পোল্ট্রির জটিল কেসসমূহের চিকিৎসা নিশ্চিত করবেন।

৫) সংগৃহীত/প্রাপ্ত নমুনা সংগ্রহের মাধ্যমে রোগ নির্ণয়ের ব্যবস্থা গ্রহণ করবেন।

৬) উপজেলা প্রাণিসম্পদ দপ্তর থেকে প্রাপ্ত রোগ অনুসন্ধান প্রতিবেদনের উপর ভিত্তি করে জেলার প্রাণিরোগ পরিস্থিতি বিশ্লেষণ করবেন এবং জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন।

৭) জেলা ভেটেরিনারি হাসপাতালের চিকিৎসা ও নমুনা পরীক্ষা সম্পর্কিত মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন তৈরি করবেন এবং পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ঢাকা বরাবর প্রেরণ করবেন এবং জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও পরিচালক বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তরকে অবহিত করবেন।

৮) দাপ্তরিক চিকিৎসা সম্পর্কিত সকল ডাটাবেজ সংরক্ষণ ও হালনাগাদ রাখবেন।

৯) ফোকাল পার্সন হিসেবে প্রাণিস্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ কোর্সে রিসোর্স পার্সন হিসেবে দায়িত্ব পালন করবেন।

১০) আইনগত অনুসন্ধানের (Inquest) ক্ষেত্রে এবং রোগ নির্ণয়ের প্রয়োজনে মৃত গবাদিপশু ও পোল্ট্রির পোস্টমর্টেমের ব্যবস্থা গ্রহণ করবেন।

১১) হাসপাতালে ব্যবহার্য ঔষধ ও যন্ত্রপাতির যথাযথ ব্যবহার সুনিশ্চিত করবেন এবং হিসাব সংরক্ষণ করবেন।

১২) পশু ও পশুজাত খাদ্যের গুণগতমান নিয়ন্ত্রণে তথা খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে ভূমিকা রাখবেন।

১৩) উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

**পদের নাম: ভেটেরিনারি সার্জন (জেলা ভেটেরিনারি হাসপাতাল)** [জেলা ভেটেরিনারি হাসপাতাল পরিচালনায় ভেটেরিনারি অফিসারের সহযোগী হিসেবে দায়িত্ব পালন করবেন]

১) কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকবেন এবং চুক্তি বাস্তবায়নে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবেন।

২) ভেটেরিনারি অফিসারের তত্ত্বাবধানে আউটডোর ও ইনডোর ব্যবস্থাপনায় রোগাক্রান্ত গবাদিপশু, পোল্ট্রি ও পোষা প্রাণি'র চিকিৎসা ও পরামর্শ প্রদান করবেন।

৩) হাসপাতালের চিকিৎসার তথ্যাদি রেজিস্টারে লিপিবদ্ধ করবেন এবং মাসিক ভিত্তিতে নির্ধারিত ছকে চিকিৎসা সম্পর্কিত তথ্যাদি সারসংক্ষেপ আকারে সংরক্ষণ করবেন।

৪) রোগ শানাক্তকরণ অথবা আইনগত প্রয়োজনে গবাদিপশু ও পোল্ট্রির পোস্টমর্টেম সম্পন্ন করবেন ও তথ্যাদি পোস্টমর্টেম রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।

৫) অসুস্থ গবাদিপশু-পাখির নমুনা সংগ্রহ ও পরীক্ষা করবেন এবং প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করবেন।

৬) জবাইখানায় (Slaughter house) স্যানিটারি ব্যবস্থাপনাসহ, জবাই পূর্ব ও জবাই পরবর্তী পরিদর্শনের মাধমে মানসম্মত মাংসের উৎপাদন এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে ভূমিকা রাখবেন।

৭) দাপ্তরিক ঔষধ ও যন্ত্রপাতির যথাযথ ব্যবহার এবং রক্ষণাবেক্ষণ সুনিশ্চিত করবেন।

৮) অনলাইন প্লাটফর্মে খামারিদের চিকিৎসা সেবা ও পরামর্শ সেবা প্রদান করবেন এবং ডিজিটাল ডাটাবেইজে প্রাণিরোগ চিকিৎসা, সংক্রামক রোগ, জুনোটিক রোগ এবং ট্রান্সবাউন্ডারি রোগসমূহের তথ্যাদি সংরক্ষণ করবেন।

৯) ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করবেন।

(ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।